G.E.P

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

নথি নং- ই/১-১/২০১৩/ তারিখ : ০৪.০১.২০১৬খ্রিঃ

বিষয়ঃ ইনোভেশন টিম সমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা, প্রতি মাসে অনুষ্ঠিত কার্যবিবরণী এবং বাৎসরিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ ডাক টেলিযোগাযোগ বিভাগ, আইসিটি সেল বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-১৪.০০.০০০০ .০১১.১৬.০০৬.২০১৩-৬৬, তারিখঃ ২৭.১২.২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে ডাক বিভাগের কেন্দ্রীয় ইনোভেশন টিম কর্তৃক প্রণীত ২০১৬খ্রিঃ সালের বাৎসরিক একটি সামগ্রিক কর্মপরিকল্পনা ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রদত্ত ছক অনুযায়ী প্রেরণ করা হলো।

স্বাক্ষরীত/-
(কুদ্দুস আহমেদ তুষার)
শাখা কর্মকর্তা (সংস্থাপন)
ফোন : ৯৫৬৮৪১৫।

নথি নং- ই/১-১/২০১৩/ ০৬ (২) তারিখ : ০৪ .০১.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হল : (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় তেঁজগাও, ঢাকা।
২. মহাপরিচালক (প্রশাসন), ও প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় তেঁজগাও, ঢাকা।
৩. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জনাব মোঃ জাকির হোসেন, সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, ডাক টেলিযোগাযোগ বিভাগ, আইসিটি সেল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অফিস কপি।

4/1/16
(কুদ্দুস আহমেদ তুষার)
শাখা কর্মকর্তা (সংস্থাপন)
ফোন : ৯৫৬৮৪১৫।

# বাংলাদেশ ডাক বিভাগের ২০১৬ সালের ইনোভেশন টিম এর কর্ম পরিকল্পনা

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | ফলাফল এবং ব্যবহার |
|---|---|---|---|---|---|
| ০১. | স্মার্ট কার্ডের মাধ্যমে ডাক বিভাগের সঞ্চয় ব্যাংকের সাধারন হিসাব পরিচালনা | ২০১৫-১৬ | সঞ্চয় ব্যাংকের সাধারন হিসাব পরিচালনার ক্ষেত্রে মুনাফা নির্ধারনে জটিলতা, সঠিক সময়ে মুনাফা না পাওয়া বা মুনাফা কম বেশী হওয়ার সমস্যা দূর করতে পোস্টাল ক্যাশ কার্ডের প্রচলন করা হবে যাতে GPRS মোবাইল ফোন ব্যবহার করে POS মেশিনের সাথে সেন্টাল সার্ভারের সাথে যুক্ত করে আধুনিক ব্যাংকিং সেবা পাওয়া নিশ্চিত হবে। | জনাব জাকির হাসান নূর ডিপিএমজি | ডাক বিভাগের ইতোমধ্যে চালুকৃত পোস্টাল ক্যাশ কার্ড এর মাধ্যমে সঞ্চয় ব্যাংকের সাধারন হিসাব পরিচালনার ক্ষেত্রে মুনাফা নির্ধারনে জটিলতা, সঠিক সময়ে মুনাফা না পাওয়া বা মুনাফা কম বেশী হওয়ার সমস্যা দূর করা সম্ভব হবে। গ্রাহকগণ পোস্টাল ক্যাশ কার্ডের মাধ্যমে GPRS মোবাইল ফোন ব্যবহার করে POS মেশিনের সাথে সেন্টাল সার্ভারের সাথে যুক্ত করে আধুনিক ব্যাংকিং সেবা পাবেন। |
| ০২. | ডাক জীবন বীমার দাপ্তরিক কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়াকরণ | ২০১৫-১৬ | অনলাইন পদ্ধতির মাধ্যমে ডাক জীবন বীমার আবেদন গ্রহণ এবং প্রক্রিয়াকরণ সহজ করা হবে যাতে জনগনের বীমা সর্ম্পকিত বিষয়াদি অনলাইনে প্রাপ্তি সহজ ও সুলভ হয়। | জনাব জামাল পাশা পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা | ডাক জীবন বীমার পলিসি আবেদন প্রক্রিয়া সহজ হবে। পলিসি দলিল প্রাপ্তিতে জটিলতা কমবে। জনগন বীমার প্রিমিয়াম এর টাকা সহজেই অনলাইনে জমা করতে পারবেন ও জমার তথ্য অনলাইনেই জানতে পারবেন। |
| ০৩. | "ডাক বিভাগের কার্যপ্রক্রিয়া স্বয়ংক্রিয়করণ" | জুলাই'২০০৮ থেকে জুন'২০১১ সংশোধিত জুন'২০১৩ এবং ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে জুন'২০১৪ এবং জুন, ২০১৭ | উক্ত প্রকল্পের আওতায় মোবাইল মনি অর্ডার সার্ভিস থেকে সরকার তথা ডাক বিভাগ ইতোমধ্যে শুরু থেকে ৩১ মার্চ/২০১৪ পর্যন্ত ৭৩ কোটি ৩২ লক্ষ ৫৬ হাজার ৫৫৭ টাকা নীট আয় করেছে। ৭১টি প্রধান ডাকঘরে, ১৩ আর এম এস অফিসে এবং ১১টি টাউন সাব অফিসে Software Implemenation এর কাজ সম্পন্ন করা হয়েছে। কাউন্টার সার্ভিস, মেইল প্রসেসিং ও মেইলের ট্রেসিং এবং ট্রাকিং সিস্টেম চালু করে গ্রাহক সেবা উন্নত করা সম্ভব হবে এবং ডাক বিভাগের রাজস্ব আয় বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। বর্তমানে ১৫০ টি উপজেলা অফিসে উক্ত প্রকল্পের কাজ শুরু হবে। | প্রকল্প পরিচালক | প্রকল্পের আওতায় ডাক বিভাগের কাউন্টার সার্ভিসসমূহ অটোমেশন করা হচেছ এবং উক্ত প্রকল্পের আওতায় ২৭৫০টি পোস্ট অফিসে মোবাইল মনি অর্ডার সার্ভিস চালু করা হয়েছে। Web based application Software তৈরীর কাজ সম্পন্ন করে কেন্দ্রীয়ভাবে মডিউল এর ট্রায়াল রান সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে প্রধান ডাকঘর সমূহে Software চালু করার সংগৃহিত যন্ত্রপাতি ও Software লোড করে ব্যাক অফিস সার্ভার প্রেরণ করা হয়েছে। কম্পিউটার, সার্ভার, নেটওয়ার্ক যন্ত্রপাতি, স্ক্যানার, ব্রাঞ্চ রাউটার ও ডাটাবেজ Software সংগ্রহ করা হয়েছে। ৭১টি ডাকঘরে নেটওয়ার্ক তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় জেনারেল সার্ভার, অনলাইন ইউপিএস, লেজার প্রিন্টার নেটওয়ার্ক প্রিন্টার, সুইচ, ডট প্রিন্টার এবং পস প্রিন্টার সংগ্রহের দরপত্র মূল্যায়নের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে প্রিন্টার ছাড়া অন্যান্য যন্ত্রাপাতি সংগ্রহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। বর্তমানে উপজেলা অফিসসমূহে এ প্রকল্পে অন্তর্ভুক্ত করায় উপজেলার জনগনও এর সুবিধা পাবেন। |
| ০৪. | "পোস্ট ই সেন্টার ফর রুরাল কমিউনিটি" | জানুয়ারী'২০১২ থেকে জুন'২০১৭ | উক্ত প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণ গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোরগোড়ায় অবস্থিত ডাকঘরে বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন- কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধাদি গ্রহণ করতে পারবেন। এ ছাড়া প্রতিটি ই-সেন্টারে গ্রামঞ্চলের আগ্রহী ব্যক্তিবর্গকে কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। | প্রকল্প পরিচালক | ৪০০৬ টি অফিসে ই-সেন্টার চালু করা হয়েছে। যা উদ্যোক্তার মাধ্যমে পরিচালিত হচ্ছে। প্রত্যন্ত অঞ্চলের জনগণ গ্রাম/ইউনিয়ন পর্যায়ে তাদের দোরগোড়ায় অবস্থিত ডাকঘরে বিভিন্ন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর ইকুইপমেন্টের মাধ্যমে সেবা যেমন- কম্পিউটার কম্পোজ, প্রিন্ট, ইন্টারনেট ব্রাউজিং, স্ক্যানিং, ছবি তোলা, অনলাইনে কথা বলা ও ভিডিও কনফারেন্সিং করা সুবিধাদি গ্রহণ করতে পারছেন। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | কার্যক্রম থেকে প্রত্যাশিত সুযোগ সুবিধা | সুযোগ সুবিধা সৃষ্টির জন্য দয়িত্বপ্রাপ্ত ব্যক্তি/গ্রুপ | ফলাফল এবং ব্যবহার |
|---|---|---|---|---|---|
| ০৪. | "তথ্য প্রযুক্তি নির্ভর গ্রামীণ ডাকঘর" | জুলাই'২০১১ থেকে জুন'২০১৭ | উক্ত প্রকল্পের আওতায় ১০০০টি দুই কক্ষ বিশিষ্ট গ্রামীণ ডাকঘর ভবন নির্মাণ করা হবে। এই সকল ভবনের একটি কক্ষে ডাকঘরের দৈনন্দিন কার্যাক্রম পরিচালনা করা হবে এবং অপর কক্ষটি ই-সেন্টার হিসাবে ব্যবহৃত হবে। | প্রকল্প পরিচালক | ২০১৫-২০১৬ অর্থ-বছরে ২৫০ টি ডাকঘর নির্মাণ এবং ৫০০ টি ডাকঘর সংস্কার ও মেরামতের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। ১০০ টি ডাকঘরের টেন্ডার আহবান করা হয়েছে। এতদসংক্রান্ত প্রক্রিয়া সমাপ্তির পথে। বাকি ১০০ টির টেন্ডার আহবান প্রক্রিয়া চলমান রয়েছে। মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ১৩২ টি ডাকঘর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এই সকল ভবনের একটি কক্ষে ডাকঘরের দৈনন্দিন কার্যাক্রম পরিচালনা করা হচ্ছে এবং অপর কক্ষটি ই-সেন্টার হিসাবে ব্যবহৃত হচ্ছে। |
| ৫. | ডাকঘর সঞ্চয় ব্যাংকের সেবা গ্রহীতাদের ইউজার ইন্টারফেজ | ২০১৫-২০১৬ | ডাকঘর সঞ্চয় ব্যাংকের সেবা গ্রহীতাদের সঞ্চয় ব্যাংক সম্পর্কিত বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে আবেদনসমূহ অনলাইনে গ্রহন করা সম্ভব হবে। আবেদনসমূহ অনলাইনে গ্রাহকের অনুপস্থিতেই নিস্পত্তি করা সম্ভব হবে। আবেদন নিস্পত্তি হওয়া মাত্রই সেবাগ্রহীতা তার মোবাইল মেসেজ পাবেন। ফলে গ্রাহকের ভোগান্তি লাঘব হবে। | খন্দকার শাহনুর সাব্বির<br>পোস্টমাস্টার<br>যশোর প্রধান ডাকঘর, যশোর<br>লিয়েনে এটুআই প্রকল্প<br>প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। | ডাকঘর সঞ্চয় ব্যাংকের সেবা গ্রহীতাদের সঞ্চয় পত্র ও সঞ্চয় ব্যাংক শাখায় নমিনি পরিবর্তন, মৃত্য দাবি নিস্পত্তি, পুনঃনবায়ন ইত্যাদি সেবা গ্রহণের ক্ষেত্রে আবেদনসমূহ অনলাইনে গ্রহন করা সম্ভব হবে। আবেদনসমূহ অনলাইনে গ্রাহকের অনুপস্থিতেই নিস্পত্তি করা সম্ভব হবে। নিস্পত্তি হওয়া মাত্রই সেবাগ্রহীতা তার মোবাইল মেসেজ পাবেন। ফলে গ্রাহকের ভোগান্তি লাঘব হবে। |
| ৬. | কার্যকরভাবে ০৬ ডিজিটের পোস্টকোড প্রবর্তন, পোস্টকোড ব্যবহার নিশ্চিতকরণ ও নির্ভুলভাবে ঠিকানা প্রণয়ন। | ২০১৫-১৬ | বর্তমানে ০৪ ডিজিটের পোস্টকোড চালু রয়েছে। বর্তমানে প্রচলিত পোস্ট কোডে শাখা ডাকঘর এবং অবিলিকারী টাউন সাব পোস্ট অফিসের জন্য আলাদাভাবে পোস্ট কোড নির্ধারিত নেই। ০৬ ডিজিটের পোস্টকোড প্রবর্তন করা হলে সকল অফিসের পোস্ট কোড প্রদান করা সম্ভব হবে। ফলে দ্রুত নাগরিক সেবা প্রদান করা সম্ভব হবে। | জনাব আনন্দ মোহন দত্ত<br>পরিচালক (সঞ্চয় ও বীমা)<br>ডাক অধিদপ্তর, ঢাকা। | সকল ডাকঘরের স্বতন্ত্র পোস্টকোড চালু করা হলে নাগরিক সেবা দ্রুত ও সহজ হবে। ০৬ ডিজিট পোস্ট কোড প্রবর্তেনের ফলে পোস্ট কোডসমূহ জনমূখী ও সহজবোধ্য করার লক্ষ্যে ডাক বিভাগের ওয়েবসাইটে সন্নিবেশন করা হবে। ফলে গ্রাহকগণ সহজেই তাদের স্ব স্ব পোস্ট কোড খুঁজে পাবেন। |